

মঞ্জুরী নং - ২৪

২৯ - সমাজকল্যাণ মন্ত্রণালয়

মধ্যমেয়াদি ব্যয়

(অংকসমূহ হাজার টাকায়)

	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ ২০১১-১২	প্রক্ষেপণ ২০১২-১৩
অনুন্নয়ন	1687,68,29	1798,00,00	1925,00,00
উন্নয়ন	234,66,00	189,00,00	330,00,00
মোট	1922,34,29	1987,00,00	2255,00,00

১. মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

১.১ মিশন স্টেটমেন্ট

সমাজের অনগ্রসর, বঞ্চিত, দরিদ্র, অসহায়, প্রতিবন্ধী ও সমস্যাগ্রস্ত জনগোষ্ঠীকে বিভিন্ন প্রকার ভাতা, সেবা, সহায়তা, প্রশিক্ষণ, সুদমুক্ত ক্ষুদ্রঋণ ও বৃত্তি প্রদানের মাধ্যমে তাদের সচেতনকরণ, সামাজিক নিরাপত্তা বিধান, অধিকার নিশ্চিতকরণ, আর্থ-সামাজিক উন্নয়ন এবং সার্বিক কল্যাণ সাধন।

১.২ প্রধান কার্যাবলি

- সমাজকল্যাণ সংক্রান্ত নীতি প্রণয়ন ও বাস্তবায়ন;
- সমাজের অনগ্রসর জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন;
- স্বচ্ছসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহকে নিবন্ধন ও সহায়তা প্রদান;
- এতিম, দুঃস্থ, অসহায় শিশুদের প্রতিপালন, শিক্ষা, প্রশিক্ষণ ও পুনর্বাসন;
- প্রতিবন্ধী ব্যক্তিদের শিক্ষা, প্রশিক্ষণ ও পুনর্বাসন;
- ভবঘুরে, কিশোর অপরাধী ও সামাজিক অপরাধপ্রবণদের উন্নয়ন, প্রবেশন ও অন্যান্য আফটার কেয়ার সার্ভিস বাস্তবায়ন।

২. কৌশলগত উদ্দেশ্য ও প্রধান কার্যক্রমসমূহ

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রম	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
১. দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক ও জীবনযাত্রার মান উন্নয়ন	<ul style="list-style-type: none"> ক্ষুদ্র ঋণ প্রদান 	<ul style="list-style-type: none"> সমাজসেবা অধিদপ্তর জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
	<ul style="list-style-type: none"> বৃত্তিমূলক ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ আর্থ-সামাজিক উদ্ভুদ্ধকরণ 	<ul style="list-style-type: none"> সমাজসেবা অধিদপ্তর
২. অবহেলিত, এতিম ও দুঃস্থ শিশুদের কল্যাণ, উন্নয়ন ও পুনর্বাসন	<ul style="list-style-type: none"> সরকারি শিশু পরিবারে এতিম শিশু প্রতিপালন ও পুনর্বাসন ছোটমনি নিবাসে শিশু প্রতিপালন ও পুনর্বাসন দুঃস্থ শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন বিপদাপন্ন এবং অটিস্টিক শিশুদের সুরক্ষা বেসরকারি এতিমখানায় ক্যাপিটেশন গ্রান্ট প্রদান 	<ul style="list-style-type: none"> সমাজসেবা অধিদপ্তর

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রম	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
৩. আইনের সংস্পর্শে আসা শিশু ও ব্যক্তিদের উন্নয়ন ও পুনর্বাসন	<ul style="list-style-type: none"> কিশোর-কিশোরী উন্নয়ন প্রবেশন ও আফটার কেয়ার সার্ভিস ভবঘুরে প্রশিক্ষণ ও পুনর্বাসন 	<ul style="list-style-type: none"> সমাজসেবা অধিদপ্তর
৪. সমাজের প্রবীণ, বিধবা, স্বামী পরিত্যক্তা ও দুঃস্থ মহিলা এবং প্রতিবন্ধী ব্যক্তিদের সামাজিক নিরাপত্তা প্রদান	<ul style="list-style-type: none"> বয়স্ক ভাতা প্রদান বিধবা, স্বামী পরিত্যক্তা ও দুঃস্থ মহিলা ভাতা প্রদান অসচ্ছল প্রতিবন্ধী ভাতা প্রদান প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি প্রতিবন্ধীদের আশ্রয় প্রদান (শান্তি নিবাস) 	<ul style="list-style-type: none"> সমাজসেবা অধিদপ্তর
৫. প্রতিবন্ধী ও দুঃস্থ রোগীদের সহায়তা ও পুনর্বাসন	<ul style="list-style-type: none"> হাসপাতাল সমাজসেবা প্রতিবন্ধী ও দুঃস্থ রোগীদের জন্য হাসপাতাল নির্মাণ 	<ul style="list-style-type: none"> সমাজসেবা অধিদপ্তর
	<ul style="list-style-type: none"> প্রতিবন্ধীদের মধ্যে বিনামূল্যে সহায়ক ও আয়বর্ধক উপকরণ বিতরণ কর্মজীবী প্রতিবন্ধীদের জন্য হোস্টেল এবং প্রতিবন্ধী শিশুদের জন্য ডে-কেয়ার সেন্টার সুবিধা প্রদান অটিজম রিসোর্স সেন্টার চালুকরণ বিনামূল্যে প্রতিবন্ধীদের চিকিৎসা সুবিধা প্রদান 	<ul style="list-style-type: none"> জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
৬. প্রতিবন্ধী ব্যক্তিদের শিক্ষা ও উন্নয়ন কার্যক্রম শক্তিশালীকরণ	<ul style="list-style-type: none"> প্রতিবন্ধী ব্যক্তিদের প্রশিক্ষণ ও পুনর্বাসন 	<ul style="list-style-type: none"> সমাজসেবা অধিদপ্তর জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
	<ul style="list-style-type: none"> কৃত্রিম অঙ্গ উৎপাদন ও ব্রেইল প্রেস পরিচালনা মিনারেল ওয়াটার ও প্লাস্টিক সামগ্রী উৎপাদন 	<ul style="list-style-type: none"> সমাজসেবা অধিদপ্তর
	<ul style="list-style-type: none"> বুদ্ধি প্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম ও অন্যান্য প্রতিবন্ধীদের শিক্ষাদান প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বিশেষ শিক্ষা, প্রশিক্ষণ ও পুনর্বাসন 	<ul style="list-style-type: none"> জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
৭. সামাজিক অনাচার প্রতিরোধকরণ	<ul style="list-style-type: none"> সামাজিক-প্রতিবন্ধী মেয়েদের প্রশিক্ষণ ও পুনর্বাসন মহিলা ও শিশু কিশোরী নিরাপদ হেফাজতীদের আবাসন (সেফ হোম) 	<ul style="list-style-type: none"> সমাজসেবা অধিদপ্তর
৮. স্বচ্ছাসেবী সংস্থাসমূহের কার্যক্রম জোরদারকরণ	<ul style="list-style-type: none"> স্বচ্ছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহ নিবন্ধন, তত্ত্বাবধান ও সহায়তা 	<ul style="list-style-type: none"> সমাজসেবা অধিদপ্তর

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রম	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
	<ul style="list-style-type: none"> অনুদান বিতরণ 	<ul style="list-style-type: none"> বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
	<ul style="list-style-type: none"> স্বচ্ছাসেবী প্রতিষ্ঠানসমূহের জন্য ব্যবস্থাপনা প্রশিক্ষণ 	<ul style="list-style-type: none"> বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ

৩. দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

৩.১.১ দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক ও জীবনযাত্রার মান উন্নয়ন

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ নিম্ন আয়ের (বার্ষিক আয় ১০,০০০ টাকা বা তার কম) জনগোষ্ঠী ও প্রতিবন্ধী ব্যক্তিদের আয়বর্ধক কার্যক্রম পরিচালনা, দক্ষতা উন্নয়ন, সাধারণ শিক্ষা, নিরাপদ পানি ও সেনিটারী লেট্রিন ব্যবহার, সামাজিক বনায়ন, পরিবার পরিকল্পনা, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, গর্ভকালীন মাতৃমঙ্গল, শিশু স্বাস্থ্য, শিশুদের টিকা দান, শিশুদের স্কুলে প্রেরণ, বাড়ির আঙ্গিনায় সজি চাষ, যৌতুক বিরোধী ও সঞ্চয়ী মনোভাব গড়ে তোলা ইত্যাদি বিষয়ে উদ্বুদ্ধকরণ, বৃত্তিমূলক প্রশিক্ষণ এবং সুদক্ষ ক্ষুদ্রঋণ (জনপ্রতি ৫,০০০ হতে ১৫,০০০ টাকা হারে) প্রদানের মাধ্যমে বার্ষিক গড়ে ৬.০৫ লক্ষ জনের স্ব-কর্মসংস্থান, দারিদ্র্য হ্রাস এবং ক্ষমতায়ন হচ্ছে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ পল্লী সমাজসেবা, শহর সমাজসেবা, এসিডদন্ধ ও প্রতিবন্ধীদের পুনর্বাসন প্রভৃতি কার্যক্রমে শতকরা ৫০ ভাগ এবং পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রমে শতকরা ১০০ ভাগ নারীর অন্তর্ভুক্তি বাধ্যতামূলক থাকায় বার্ষিক গড়ে ৪.০০ লক্ষ নারীর ক্ষমতায়ন, সামাজিক নিরাপত্তা বৃদ্ধি, স্বকর্মসংস্থান, শিক্ষা ও প্রশিক্ষণ প্রাপ্তি, আয়বর্ধক কার্যক্রমে অংশগ্রহণ, সামাজিক মর্যাদা বৃদ্ধি এবং সরকারি সম্পদ ও সেবা লাভের সুযোগ সৃষ্টিতে প্রত্যক্ষ ভূমিকা রাখছে।

৩.১.২ অবহেলিত, এতিম ও দুস্থ শিশুদের কল্যাণ, উন্নয়ন ও পুনর্বাসন

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে দুস্থ ও এতিম শিশুদের লালন-পালন, প্রশিক্ষণ ও শিক্ষার জন্য বরাদ্দ দেয়া হচ্ছে। শিশু পরিবার/এতিমখানা থেকে বের হয়ে যাওয়ার সময় ১৮ বছর উর্ধ্ব এতিম ও প্রতিবন্ধীদের সমাজে পুনর্বাসনের জন্য এককালীন ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা আর্থিক সহায়তা প্রদান করা হবে। বেসরকারি এতিমখানায় ক্যাপিটেশন গ্রান্ট বাবদ জনপ্রতি মাসিক ৭০০ টাকা অনুদান প্রদান করা হচ্ছে। বিপদাপন্ন শিশুদের ড্রপ-ইন-সেন্টারের মাধ্যমে সহায়তা দেয়া হচ্ছে। ফলে বছরে সর্বমোট প্রায় ৭০ হাজার অবহেলিত এতিম ও দুস্থ শিশুর বাসস্থান, পুষ্টি, শিক্ষা, চিকিৎসা নিশ্চিত হচ্ছে এবং প্রশিক্ষিত জনগোষ্ঠী হিসাবে তারা সমাজে স্বকর্মসংস্থান ও চাকুরীর মাধ্যমে পুনর্বাসিত হচ্ছে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ সরকারি শিশু পরিবার, ছোটমণি নিবাস, দিবাকালীন শিশু যত্ন কেন্দ্র, প্রাক বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রম এবং দুস্থ প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, ক্যাপিটেশন গ্রান্টপ্রাপ্ত এতিমখানাসমূহে সুবিধাবঞ্চিত মেয়ে শিশুদের কল্যাণ ও পুনর্বাসনে অগ্রাধিকার রয়েছে। ফলে বার্ষিক গড়ে সরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে ৫,০০০ ও বেসরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে ৭,০০০ বালিকা শিশুর সামাজিক নিরাপত্তা, বাসস্থান, পুষ্টি, শিক্ষা, চিকিৎসা নিশ্চিত হচ্ছে এবং প্রশিক্ষিত মানবসম্পদ হিসাবে তারা সমাজে স্ব-কর্মসংস্থান, চাকুরী ও বিবাহের মাধ্যমে পুনর্বাসিত হচ্ছে।

৩.১.৩ আইনের সংস্পর্শে আসা শিশু ও ব্যক্তিদের উন্নয়ন ও পুনর্বাসন

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ কিশোর-কিশোরী উন্নয়ন কেন্দ্র, সরকারি আশ্রয় কেন্দ্র, দুস্থ ও ভবঘুরে প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র এবং প্রবেশন ও আফটার কেয়ার কর্মসূচির আওতায় আইনের সংস্পর্শে আসা ব্যক্তিদের খাদ্য, বাসস্থান, চিকিৎসা সুবিধা প্রদান করা হচ্ছে। উপকারভোগীদের সাধারণ শিক্ষা, বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান ও মানবিক উন্নয়ন সাধন করা হচ্ছে। বার্ষিক গড়ে ১০,৫০০ জন আইনের সংস্পর্শে আসা

ব্যক্তিকে আত্মকর্মসংস্থান ও চাকুরীর মাধ্যমে স্বাভাবিক, কর্মমুখী, দক্ষ ও স্বাবলম্বী জনগোষ্ঠী হিসাবে সমাজে পুনর্বাসন করা হচ্ছে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ আইনের সংস্পর্শে আসা নারীদের শিক্ষা, প্রশিক্ষণ ব্যবস্থা গ্রহণের সাথে সাথে তাদের সামাজিক নিরাপত্তা বৃদ্ধি ও সম্ভাব্য ক্ষতি ও ঝুঁকি হ্রাসকরণের লক্ষ্যে নিরাপদ আশ্রয় ও ভরণপোষণ সুবিধা প্রদান করা হচ্ছে। ফলে নারীর উপর সহিংসতা ও নির্যাতন হ্রাস পাচ্ছে ও বার্ষিক ৪,১০০ জন নারী উপকৃত হচ্ছে। উপকারভোগীদের আইনের আওতায় ন্যায় বিচার প্রাপ্তির জন্য সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে সহায়তা প্রদান এবং অগ্রাধিকার ভিত্তিতে সমাজে পুনর্বাসিত করা হচ্ছে।

৩.১.৪ সমাজের প্রবীণ, বিধবা, স্বামী পরিত্যক্তা ও দুঃস্থ মহিলা এবং প্রতিবন্ধী ব্যক্তিদের সামাজিক নিরাপত্তা প্রদান

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ জনপ্রতি মাসিক ৩০০ টাকা হারে ২২.৫০ লক্ষ ব্যক্তিকে বয়স্কভাতা, প্রতি বছর গড়ে ১১.০০ লক্ষ জন বিধবা, স্বামী পরিত্যক্তা ও দুঃস্থ মহিলাকে ভাতা প্রদান এবং ২.৬০ লক্ষ ব্যক্তিকে অসচ্ছল প্রতিবন্ধী ভাতা প্রদানের মাধ্যমে একটি কার্যকর সামাজিক নিরাপত্তা বেটনী গড়ে তোলা হয়েছে, যা বয়স্ক বিধবা, স্বামী পরিত্যক্তা ও দুঃস্থ মহিলা এবং প্রতিবন্ধী ব্যক্তিদের বাসস্থান, পরিধান, স্বাস্থ্য, পুষ্টি, চিকিৎসা ও দারিদ্র্য ঝুঁকি নিরসনে প্রত্যক্ষ ইতিবাচক ভূমিকা রাখছে। সমাজে ও কর্মক্ষেত্রে প্রবীণ, বিধবা, স্বামী পরিত্যক্তা ও দুঃস্থ মহিলা এবং প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষমতায়ন বৃদ্ধি করছে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ বিধবা, স্বামী পরিত্যক্তা ও দুঃস্থ মহিলা ভাতা প্রদানের ক্ষেত্রে শতভাগ নারী অন্তর্ভুক্ত থাকায় ১১.০০ লক্ষ জন নারীর সামাজিক নিরাপত্তা নিশ্চিত হচ্ছে। এছাড়া বয়স্কভাতা ও প্রতিবন্ধী ভাতা প্রদানের ক্ষেত্রে শতকরা ন্যূনতম ৫০ ভাগ নারীর অন্তর্ভুক্তি বাধ্যতামূলক থাকায় ১২.৫৫ লক্ষ নারীর সামাজিক নিরাপত্তা নিশ্চিত হচ্ছে। ফলে নারীর সামাজিক মর্যাদা ও ক্ষমতায়ন বৃদ্ধি পাচ্ছে এবং দারিদ্র্য ঝুঁকি হ্রাস হচ্ছে। বয়স্ক, বিধবা, স্বামী পরিত্যক্তা ও দুঃস্থ মহিলা এবং প্রতিবন্ধী নারীদের বাসস্থান, পরিধান, স্বাস্থ্য, পুষ্টি, চিকিৎসা প্রাপ্তির সুযোগ বৃদ্ধি পাচ্ছে।

৩.১.৫ প্রতিবন্ধী ও দুঃস্থ রোগীদের সহায়তা ও পুনর্বাসন

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ জেলা সদর হাসপাতালসহ মোট ৮৭টি হাসপাতালে হাসপাতাল/চিকিৎসা সমাজসেবা কার্যক্রমের আওতায় বার্ষিক গড়ে ৬.০০ লক্ষ অসহায়, দুঃস্থ ও সমস্যাগ্রস্ত রোগী স্বল্প ও দীর্ঘ মেয়াদি বিনামূল্যে চিকিৎসা সহায়তা পাচ্ছে। দুঃস্থ রোগীদের পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। দরিদ্র রোগীদের চিকিৎসা প্রাপ্তির অধিকার নিশ্চিত হচ্ছে। বেসরকারি ২০টি হাসপাতাল নির্মাণের মাধ্যমে সংশ্লিষ্ট হাসপাতালের মোট রোগীর শতকরা ৩০ ভাগ দরিদ্র, দুঃস্থ ও প্রতিবন্ধী রোগীকে সম্পূর্ণ বিনামূল্যে চিকিৎসা প্রাপ্তি নিশ্চিত করা হয়েছে। এছাড়া প্রতিবন্ধী ব্যক্তিদের বিনামূল্যে চিকিৎসা ও খেরাপি সেবা প্রদান এবং তাদের মাঝে প্রতিবন্ধীতার ধরন অনুযায়ী সহায়ক উপকরণ বিতরণের লক্ষ্যে প্রাথমিকভাবে দেশের পাঁচটি জেলায় সরকারি অর্থায়নে প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র চালু করা হয়েছে। এসব কেন্দ্রে প্রতিবন্ধীদের নিয়মিত চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ চিকিৎসা সহায়তা সুবিধাভোগীদের মধ্যে ৫০% নারী, যা নারীর সামাজিক নিরাপত্তা বৃদ্ধিতে ইতিবাচক ভূমিকা রাখছে। গর্ভবতী, দরিদ্র নারী ও শিশুদের চিকিৎসা সহায়তা ও পুনর্বাসনে অগ্রাধিকার থাকায় তা নারীর সম্ভাব্য ক্ষতি ও ঝুঁকি হ্রাসে বিশেষ ভূমিকা রাখছে। বেসরকারি হাসপাতালে বিনামূল্যে চিকিৎসা প্রাদানকৃত রোগীর মধ্যে শতকরা ৫০ ভাগ দুঃস্থ ও প্রতিবন্ধী নারীকে অন্তর্ভুক্ত করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এছাড়া কর্মজীবী প্রতিবন্ধী নারী সমাজকে ক্ষমতায়নের লক্ষ্যে ঢাকায় প্রথমবারের মত কর্মজীবী মহিলা হোস্টেল চালু করা হয়েছে। এ হোস্টেলের কার্যক্রম ক্রমান্বয়ে সম্প্রসারণ করা হবে। প্রতিবন্ধী নারীদের পুনর্বাসনের লক্ষ্যে বিনামূল্যে বিতরণের উদ্যোগ নেয়া হয়েছে।

৩.১.৬ প্রতিবন্ধী ব্যক্তিদের শিক্ষা ও উন্নয়ন কার্যক্রম শক্তিশালীকরণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনায় প্রতিবন্ধী ব্যক্তিদের শিক্ষা, উপবৃত্তি, প্রশিক্ষণ ও পুনর্বাসন কার্যক্রম, ব্রেইল প্রেস, প্লাস্টিক সামগ্রী, মিনারেল ওয়াটার, কৃত্রিম অংগ প্রভৃতি

উৎপাদন কেন্দ্রের মাধ্যমে বার্ষিক গড়ে ১৮,০০০ প্রতিবন্ধী শিশুর শিক্ষা, ১,৮০০ জনকে বৃত্তিমূলক প্রশিক্ষণ ও ৩২০ জনের চাকুরীর ব্যবস্থা করা হয়েছে। ফলে প্রতিবন্ধী ব্যক্তিদের দক্ষতা বৃদ্ধি পাচ্ছে এবং তারা বিভিন্ন আয়বর্ধক কর্মসূচি গ্রহণ করে আত্মকর্মসংস্থানের মাধ্যমে নিজেদের উন্নয়ন করছে। প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়ন ত্বরান্বিত করার জন্য বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ আইন-২০০১ যুগোপযোগী করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এছাড়া প্রান্তিক জনগোষ্ঠীর শিক্ষা কার্যক্রমের স্বার্থে প্রতিবন্ধীতা সম্পর্কিত বিশেষ শিক্ষা নীতিমালা-২০০৯ জারি করা হয়েছে। এর মাধ্যমে শিক্ষক-কর্মচারীদের ফেব্রুয়ারী-২০১০ হতে ১০০% (শত ভাগ) বেতন-ভাতা প্রদান করা হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ প্রতিবন্ধী কল্যাণ কার্যক্রমে প্রতিবন্ধী নারীর অন্তর্ভুক্তিতে অগ্রাধিকার থাকায় তা প্রতিবন্ধী নারীর শিক্ষা, স্বাস্থ্য, প্রশিক্ষণ প্রাপ্তি নিশ্চিত করছে, যার ফলে প্রতিবন্ধী নারীর সামাজিক নিরাপত্তা বৃদ্ধি পাচ্ছে এবং তাদের সম্ভাব্য ক্ষতি ও ঝুঁকি হ্রাস পাচ্ছে। প্রতিবন্ধী নারীর শিক্ষা, প্রশিক্ষণ, ক্ষুদ্র ঋণ প্রাপ্তি ও কর্মসংস্থান, প্রতিবন্ধী নারীর সামাজিক মর্যাদা বৃদ্ধি ও ক্ষমতায়নে ইতিবাচক এবং প্রতিবন্ধী নারীর উপর সহিংসতা ও নির্যাতন হ্রাসে সহায়ক ভূমিকা রাখছে।

৩.১.৭ সামাজিক অনাচার প্রতিরোধকরণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ সামাজিক অনাচার যেমন যৌতুক, বাল্যবিবাহ, সহিংসতা, নারী নির্যাতন ও মাদকাসক্তি ইত্যাদির বিরুদ্ধে গণসচেতনতা সৃষ্টির জন্য বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন, উদ্বুদ্ধকরণ কর্মসূচি গ্রহণ এবং সেমিনার ও ওয়ার্কশপ করা হচ্ছে। সামাজিক অনাচার প্রতিরোধকল্পে পোস্টার, লিফলেটের মাধ্যমে প্রচারণা চালানো হচ্ছে। সামাজিক-প্রতিবন্ধী মেয়েদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কার্যক্রম ও শিশু-কিশোরী নিরাপদ হেফাজতীদের আবাসন কার্যক্রমের মাধ্যমে গড়ে প্রতি বছর ৯০০ জনকে প্রশিক্ষণ, পুনর্বাসন ও অন্যান্য সহযোগিতা প্রদান করা হচ্ছে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ গণসচেতনতা নারীর সামাজিক মর্যাদা বৃদ্ধি ও ক্ষমতায়নে ইতিবাচক এবং নারীর উপর সহিংসতা, নির্যাতন, বাল্যবিবাহ, যৌতুক হ্রাসে সহায়ক ভূমিকা রাখছে। বার্ষিক গড়ে ৬০০ জন সামাজিক-প্রতিবন্ধী মেয়ের প্রশিক্ষণ ও পুনর্বাসন কার্যক্রম এবং ৩০০ শিশু-কিশোরী নিরাপদ হেফাজতীদের আবাসন কার্যক্রমের মাধ্যমে বিভিন্ন সামাজিক অনাচারে (যৌতুক, যৌন নির্যাতন, বাল্যবিবাহ ও মাদকাসক্তি) ক্ষতিগ্রস্ত নারীদের সামাজিক নিরাপত্তা, আইনী সহায়তা ও ন্যায় বিচার প্রাপ্তি নিশ্চিত করা হচ্ছে।

৩.১.৮ স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের কার্যক্রম জোরদারকরণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানসমূহ পরিচালনায় সহায়তা, স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানসমূহের বেসরকারি হাসপাতাল নির্মাণে সহায়তা, ৩৬১টি প্রতিষ্ঠানের কর্মকর্তাদের ব্যবস্থাপনা প্রশিক্ষণ এবং জাতীয় পর্যায়ে ১৩টি প্রতিষ্ঠান, ৮০টি শহর সমাজ উন্নয়ন প্রকল্প পরিষদ, ৮৭টি রোগী কল্যাণ সমিতি, ৬৪টি অপরাধী পুনর্বাসন সমিতি, ৪,৮৯১টি সাধারণ ও বিশেষ স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান, ৬৫০টি আয়বর্ধক কর্মসংস্থানমূলক প্রতিষ্ঠান, ১,২৫০ জন দরিদ্র/অসহায় ব্যক্তিকে অনুদান প্রদানের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর স্বাস্থ্য, শিক্ষা, সামাজিক বনায়ন, বৃত্তিমূলক প্রশিক্ষণ, কুটির শিল্প কার্যক্রমে দারিদ্র্য বিমোচন ত্বরান্বিত হচ্ছে। এছাড়া প্রতিবন্ধীতা নিয়ে কর্মরত বেসরকারি সংস্থা/সংগঠনকে অনুদান ও ঋণ প্রদান কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সহায়ক উপকরণ বিতরণের বিষয়ে একটি নীতিমালা প্রণয়নের কার্যক্রম চূড়ান্ত করা হচ্ছে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের কার্যক্রমের সাথে নারী-পুরুষ উভয়ে সংশ্লিষ্ট সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ অগ্রাধিকার ভিত্তিতে নারী উন্নয়ন কার্যক্রম জোরদারকরণের কার্যক্রম গ্রহণ করেছে। স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানসমূহ নারীর ক্ষমতায়ন, বিভিন্ন ফোরামে নারীর অংশগ্রহণ, নারীর সামাজিক মর্যাদা বৃদ্ধি, নারীর আইনী সহায়তা, নারীর সরকারি সম্পদ ও সেবা লাভ, বিচার প্রাপ্তি, নারী নির্যাতন হ্রাস, বাল্যবিবাহ রোধ ও যৌতুক প্রথা হ্রাসে বিশেষ ভূমিকা রাখছে।

৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ ২০১১-১২	প্রক্ষেপণ ২০১২-১৩
দারিদ্র্য নিরসন	৪১৭,২২,২৬	৪২৩,৮৬,১৯	৪৯১,৮৬,১৮
নারী উন্নয়ন	১৭২,৯৭,৩৭	১৭৩,৬২,২৪	২০৬,১৯,০৭

৪. অগ্রাধিকার খাত/কর্মসূচিসমূহ

অগ্রাধিকার খাত/কর্মসূচি	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
<p>১. সামাজিক নিরাপত্তাঃ</p> <p>সমাজের অনগ্রসর ও বিপন্নতম জনগোষ্ঠী প্রবীণ, বিধবা, স্বামী পরিত্যক্তা ও দুঃস্থ মহিলা এবং প্রতিবন্ধী ব্যক্তিদের সামাজিক সুরক্ষা ও নিরাপত্তা প্রদানের লক্ষ্যে বয়স্কভাতা, বিধবা, স্বামী পরিত্যক্তা ও দুঃস্থ মহিলা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা ও প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি হিসেবে নগদ অর্থ প্রদান ইত্যাদি কার্যক্রম সমগ্রিকভাবে দেশের সামাজিক নিরাপত্তা সুরক্ষায় বিশেষ অবদান রাখবে এ বিবেচনায় সামাজিক নিরাপত্তাকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়েছে।</p>	<ul style="list-style-type: none"> সমাজের প্রবীণ, বিধবা, স্বামী পরিত্যক্তা ও দুঃস্থ মহিলা এবং প্রতিবন্ধী ব্যক্তিদের সামাজিক নিরাপত্তা প্রদান
<p>২. ঋণ কার্যক্রমঃ</p> <p>দেশব্যাপী গ্রাম ও শহর এলাকার দরিদ্র কর্মক্ষম ব্যক্তিদের সংগঠিত করে তাদের প্রশিক্ষণ ও ঋণ প্রদানপূর্বক দক্ষ জনশক্তি হিসেবে গড়ার মাধ্যমে নিম্ন আয়ের এ জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাস ও বিমোচনে এ কার্যক্রম বিশেষ অবদান রাখবে বিবেচনায় এটিকে দ্বিতীয় সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়েছে।</p>	<ul style="list-style-type: none"> দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক ও জীবনযাত্রার মান উন্নয়ন
<p>৩. সরকারি ব্যবস্থাপনায় এতিম, অসহায় শিশু সুরক্ষাঃ</p> <p>এতিম ও বিপন্ন শিশুদের সুরক্ষা প্রদান, তাদের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে সরকারি ব্যবস্থাপনায় তাদের আবাসন, খাদ্য, পরিধেয়, শিক্ষা, চিকিৎসা ব্যবস্থা নিশ্চিত করার মাধ্যমে সমাজের এ বিপন্নতম শিশুদের অধিকার সুরক্ষিত হবে বিবেচনায় কার্যক্রমটিকে তৃতীয় সর্বোচ্চ গুরুত্ব দেয়া হয়েছে।</p>	<ul style="list-style-type: none"> অবহেলিত, এতিম ও দুঃস্থ শিশুদের কল্যাণ, উন্নয়ন ও পুনর্বাসন
<p>৪. প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সংরক্ষণ, উন্নয়ন ও কল্যাণ সাধনঃ</p> <p>প্রতিবন্ধী ব্যক্তির সমাজের অনগ্রসর ও বিপন্ন অংশ। বিশেষ চাহিদার দাবিদার এ সকল ব্যক্তিকে বিশেষ ব্যবস্থাপনায় শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তি হিসেবে সমাজের মূল স্রোতধারায় একত্রিত করার মাধ্যমে তাদের অধিকার সুরক্ষা ও দেশের উন্নয়নে সম্পৃক্তকরণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে এ কার্যক্রমটিকে চতুর্থ সর্বোচ্চ গুরুত্ব প্রদান করা হয়েছে।</p>	<ul style="list-style-type: none"> প্রতিবন্ধী ব্যক্তিদের শিক্ষা ও উন্নয়ন কার্যক্রম শক্তিশালীকরণ
<p>৫. সরকারি ও বেসরকারি অংশীদারিত্বে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নঃ</p> <p>সামাজিক নিরাপত্তার অংশ হিসেবে মাতৃ ও শিশু স্বাস্থ্য সুরক্ষা, বিপদাপন্ন শিশু, এসিডদগ্ন নারী ও শিশুদের চিকিৎসাসহ দুঃস্থ ব্যক্তি শিশু, নারী ও বয়স্কদের সামাজিক (কমিউনিটি) চিকিৎসাদান এবং এতিম ও প্রতিবন্ধী ছেলে-মেয়েদের প্রশিক্ষণের মাধ্যমে সমাজে</p>	<ul style="list-style-type: none"> প্রতিবন্ধী ও দুঃস্থ রোগীদের সহায়তা ও পুনর্বাসন

অগ্রাধিকার খাত/কর্মসূচি	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
প্রতিষ্ঠার লক্ষ্যে সরকারি ও বেসরকারি অংশীদারিত্বে বেশ কিছু প্রকল্প বাস্তবায়ন ও নতুন প্রকল্প গ্রহণ করা হয়েছে বিধায় এ খাতকে পঞ্চম সর্বোচ্চ গুরুত্ব প্রদান করা হয়েছে।	

প্রধান কর্মকর্তা নির্দেশকসমূহ (Key Performance Indicator)

নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য	পরিমাপের একক	লক্ষ্যমাত্রা ২০০৮-০৯	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
							২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. বয়স্ক ভাতা সুবিধাভোগীর হার	৪	%	৭১.৪৫	৭৫.০০	৮৬.৪৪	৭৫	৮৩.৩৩	৯১.৬৬	১০০
২. বিধবা, স্বামী পরিত্যক্তা ও দুঃস্থ মহিলা ভাতা সুবিধাভোগীর হার	২	%	৯০.৯১	৯০.৯১	১০০	১০০	১০০	১০০	১০০
৩. সুরক্ষা প্রাপ্ত এতিম ও বিপন্ন শিশুর সংখ্যা	২	লক্ষ জন	০.৬৬	০.৬৯	১.১৪	১.৪৪	১.১৬	১.১৮	১.২০
৪. সহায়তা প্রাপ্ত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা	৪,৫,৬	লক্ষ জন	৩.১০	৩.১০	৩.৭৭	৩.৭৭	৪.৪২	৪.৮৩	৫.১০
৫. ক্ষুদ্র ঋণ আদায়ের হার	১	শতকরা হার	৭৮.০০	৭৯	৮০	৮২	৮২	৮৪	৮৬
৬. চিকিৎসা প্রাপ্ত প্রতিবন্ধী ও দুঃস্থ রোগীদের সংখ্যা	৫	লক্ষ জন	--	৪.৫০	৬.২৫	৬.৫০	৭.১৫	৭.৮৫	৮.৬৫

৫. অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, প্রধান কার্যক্রমসমূহ এবং ফলাফল

৫.১ সমাজসেবা অধিদপ্তর

৫.১.১ সাম্প্রতিক অর্জনঃ বিগত তিন অর্থবছরে ক্ষুদ্রঋণ প্রদান ও বৃত্তিমূলক প্রশিক্ষণের মাধ্যমে ১৬.৫০ লক্ষ দরিদ্র ও বিপন্ন ব্যক্তির আত্মকর্মসংস্থান, ৭০,০০০ জন শিশুকে প্রতিপালন করে তাদের অধিকার সুনিশ্চিতকরণ এবং আইনের সংস্পর্শে আসা ২,০০০ জন শিশু ও ৮,০০০ জন ব্যক্তিকে বিভিন্ন উন্নয়ন কেন্দ্র, সেফ হোম, আশ্রয় কেন্দ্র এবং প্রবেশন ও আফটার কেয়ার প্রক্রিয়ার মাধ্যমে সমাজে পুনঃএকত্রিত করা হয়েছে। ২২.৫০ লক্ষ প্রবীণ, ২.৬০ লক্ষ প্রতিবন্ধী, ১৭,১৫০ জন প্রতিবন্ধী শিক্ষার্থীকে নগদ অর্থ প্রদান করা হয়েছে। সরকারি-বেসরকারি ৮১টি প্রতিবন্ধী বিদ্যালয়ের মাধ্যমে ৭,৮০০ জন প্রতিবন্ধী শিশুর শিক্ষা, ৯টি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে ১,১১৫ জন প্রতিবন্ধী ব্যক্তির প্রশিক্ষণ, খাদ্য, বাসস্থান, চিকিৎসা ও নিরাপত্তা প্রদান করা হয়েছে। ৬,০৬৮টি বেসরকারি স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা নিবন্ধন প্রদানের মাধ্যমে বেসরকারি পর্যায়ে সমাজকর্মের আওতা সম্প্রসারিত হয়েছে।

৫.১.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. ক্ষুদ্রঋণ প্রদান	● ২০.০০ লক্ষ দরিদ্র ব্যক্তির আত্মকর্মসংস্থান	১
২. বৃত্তিমূলক ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ	● ১১.৩৫ লক্ষ দরিদ্র বৃত্তিমূলক প্রশিক্ষণ লাভ করে আত্মকর্মসংস্থান ও চাকুরীর মাধ্যমে পুনর্বাসন ● ৩,২০০ জন কর্মকর্তা-কর্মচারিকে দক্ষ পেশাদার সমাজকর্মী হিসেবে গড়ে তোলা	১

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
৩. আর্থ-সামাজিক উদ্বুদ্ধকরণ	<ul style="list-style-type: none"> সামাজিক উদ্বুদ্ধকরণের ফলে ৮.৪০ লক্ষ নিরক্ষর ব্যক্তি সাক্ষরজ্ঞান লাভ ৯.৫০ লক্ষ জনকে পরিবার পরিকল্পনায় উদ্বুদ্ধকরণ 	১
৪. সরকারি শিশু পরিবারে এতিম শিশু প্রতিপালন ও পুনর্বাসন	<ul style="list-style-type: none"> ১০,৩০০ এতিম শিশুকে ভরণপোষণের পাশাপাশি তাদের জন্য শিক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা ও সমাজে পুনর্বাসন 	২
৫. ছোটমনি নিবাসে শিশু প্রতিপালন ও পুনর্বাসন	<ul style="list-style-type: none"> ৬০০ জন অনাথ শিশুকে আশ্রয়, শিক্ষা, চিত্ত-বিনোদনের ব্যবস্থাসহ আদর যত্নে লালন-পালন ও পুনর্বাসন 	২
৬. দুঃস্থ শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন	<ul style="list-style-type: none"> ৮০০ জন সুবিধাবঞ্চিত এতিম ও দুঃস্থ শিশু সাধারণ শিক্ষা, প্রশিক্ষণ ও পুনর্বাসন 	২
৭. বিপদাপন্ন এবং অটিস্টিক শিশুদের সুরক্ষা	<ul style="list-style-type: none"> ৫৩ হাজার বিপদাপন্ন, দুঃস্থ, সুবিধাবঞ্চিত, অনগ্রসর, পিতামাতার যত্নবঞ্চিত শিশু ও পথশিশুর জীবনমান উন্নয়ন, অধিকার নিশ্চিতকরণ ও সহায়তা প্রদান এবং সমাজে একত্রিকরণ অটিস্টিক শিশুদের চিহ্নিতকরণ, গণনা, পুনর্বাসন ও প্রশিক্ষণ 	২
৮. বেসরকারি এতিমখানায় ক্যাপিটেশন গ্রান্ট প্রদান	<ul style="list-style-type: none"> বেসরকারি নিবন্ধনপ্রাপ্ত এতিমখানার ৭৫,০০০ এতিম শিশুর লালনপালন, শিক্ষা ও চিকিৎসা সুবিধা ও পুনর্বাসনের সুযোগ সৃষ্টি 	২
৯. কিশোর-কিশোরী উন্নয়ন	<ul style="list-style-type: none"> ৮৫০ জন অপরাধপ্রবণ কিশোর কিশোরী খাদ্য, আবাসন, নিরাপত্তা, চিকিৎসা সেবা ও শিক্ষা লাভ এবং মানসিক এবং আত্মিক উন্নয়ন কাউন্সেলিং এর পর স্বাভাবিক জীবনে পুনএকত্রিকরণ 	৩
১০. প্রবেশন ও আফটার কেয়ার সার্ভিস	<ul style="list-style-type: none"> ১৪ হাজার জন প্রথম অপরাধী/লঘু অপরাধীর মানসিক ও আত্মিক উন্নয়ন ১,৫০০ জন জেল মুক্ত কয়েদীর সমাজে স্বাভাবিক জীবনে পুনর্বাসন 	৩
১১. বয়স্ক ভাতা প্রদান	<ul style="list-style-type: none"> দরিদ্র বয়স্কভাতা প্রাপ্ত ব্যক্তির সংখ্যা ২২.৫০ লক্ষ থেকে ৩০.০ লক্ষে উন্নীতকরণ 	৪
১২. বিধবা, স্বামী পরিত্যক্তা ও দুঃস্থ মহিলা ভাতা প্রদান	<ul style="list-style-type: none"> প্রতি বছর গড়ে ১৩.০০ লক্ষ জন বিধবা, স্বামী পরিত্যক্তা ও দুঃস্থ মহিলাকে ভাতা প্রদান 	৪
১৩. অসচ্ছল প্রতিবন্ধী ভাতা প্রদান	<ul style="list-style-type: none"> ১০.৫০ লক্ষ দরিদ্র প্রতিবন্ধী ব্যক্তিকে অসচ্ছল প্রতিবন্ধী ভাতা প্রদান 	৪

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১৪. প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি	<ul style="list-style-type: none"> ২০,৫০০ প্রতিবন্ধী শিক্ষার্থীকে শিক্ষা উপবৃত্তি প্রদান 	৪
১৫. হাসপাতাল সমাজসেবা	<ul style="list-style-type: none"> ২০.২৫ লক্ষ দরিদ্র রোগীকে বিনামূল্যে ঔষধপত্র, পথ্য, যাতায়াত ব্যয়, চিকিৎসা উপকরণ প্রদান 	৫
১৬. প্রতিবন্ধী ও দুস্থ রোগীদের জন্য হাসপাতাল নির্মাণ	<ul style="list-style-type: none"> প্রতিবন্ধী ও দুস্থ রোগীদের জন্য ২২টি হাসপাতাল নির্মাণ ১৯.৫০ লক্ষ দুস্থ ও প্রতিবন্ধী ব্যক্তির বিনামূল্যে চিকিৎসা সুবিধা লাভ 	৫
১৭. প্রতিবন্ধী ব্যক্তিদের প্রশিক্ষণ ও পুনর্বাসন	<ul style="list-style-type: none"> ২২০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে বৃত্তিমূলক প্রশিক্ষণ ও ৪,০০০ টাকা হারে পুনর্বাসন ভাতা প্রদান 	৬
১৮. কৃত্রিম অঙ্গ উৎপাদন ও ব্রেইল প্রেস পরিচালনা	<ul style="list-style-type: none"> কৃত্রিম অঙ্গ উৎপাদন কেন্দ্রে উৎপাদিত কৃত্রিম অঙ্গ ও শ্রবণ যন্ত্র প্রদানের মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিদের সহায়তা প্রদান ব্রেইল প্রেস থেকে ছাপানো বই পাঠ করে দৃষ্টি প্রতিবন্ধী ছাত্র শিক্ষা লাভ করবে 	৬
১৯. মিনারেল ওয়াটার ও প্লাস্টিক সামগ্রী উৎপাদন	<ul style="list-style-type: none"> গড়ে ৪০০ জন প্রতিবন্ধীর কর্মসংস্থান 	৬
২০. সামাজিক-প্রতিবন্ধী মেয়েদের প্রশিক্ষণ ও পুনর্বাসন	<ul style="list-style-type: none"> ২,০০০ সামাজিক-প্রতিবন্ধী অপরাধপ্রবণ নারীদের মানসিক ও আত্মিক কাউন্সেলিং ও প্রশিক্ষণের মাধ্যমে স্বাভাবিক জীবনে পুনর্বাসন 	৭
২১. মহিলা ও শিশু কিশোরী নিরাপদ হেফাজতীদের আবাসন (সেফ হোম)	<ul style="list-style-type: none"> ২,০০০ জন বিচারার্থীন নারী, পাচারকালে ও বিদেশ হতে উদ্ধারকৃত নারী ও শিশু এবং শিশু-কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন প্রশিক্ষণ এবং কাউন্সেলিং এর মাধ্যমে সমাজে পুনর্বাসন নিশ্চিতকরণ 	৭
২২. স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহ নিবন্ধন, তত্ত্বাবধান ও সহায়তা	<ul style="list-style-type: none"> ৪,০০০টি স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠান নিবন্ধন 	৮

৫.১.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১। বয়স্ক ভাতা	লক্ষ জন	২০.০০	২২.৫০	২২.৫০	২৫.০০	২৭.৫০	৩০.০০
২। বিধবা, স্বামী পরিত্যক্তা ও দুঃস্থ মহিলা ভাতা	লক্ষ জন	২.৫০	২.৫০	২.৭৫	৯.২০	৯.২০	৯.২০
৩। অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা	লক্ষ জন	২.৫০	২.৫০	২.৭৫	৩.০০	৩.৫০	৪.০০
৪। ক্ষুদ্র ঋণ	লক্ষ জন	৫.২৫	৫.২৫	৫.৫০	৬.০০	৬.৫০	৭.০০
৫। বৃত্তিমূলক প্রশিক্ষণ	লক্ষ জন	২.৫০	২.৫০	২.৭৫	৩.০০	৩.৫০	৪.০০
৬। দুঃস্থ রোগীদের সেবা	লক্ষ জন	৫.৭৫	৫.৭৫	৬.০০	৬.১৫	৬.৫০	৬.৮৫

৫.১.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ ২০১১-১২	প্রক্ষেপণ ২০১২-১৩
অনুন্নয়ন	১৪,৮৫,২৮	১৬,১২,০৮	১৯,২৭,৪৯	২৫,০৫,১৮	৩৩,০৮,৬২
উন্নয়ন	৯৬,৩১,০০	৭৬,২১,১৩	১৯৯,৬৪,০০	১৫৯,০০,০০	৩০০,০০,০০
মোট	১১১,১৬,২৮	৯২,৩৩,২১	২১৮,৯১,৪৯	১৮৪,০৫,১৮	৩৩৩,০৮,৬২

৫.১.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট (অনুন্নয়ন)	
১। সমাজসেবা অধিদফতর	১,২,৩,৬,৮,৯,১৪,১৬
২। জেলা কার্যালয়সমূহ	১,২,৪,৫,৬,৯,১১,১২,১৩, ৩, ১৫,১৬,২০,২১
৩। উপজেলা কার্যালয়সমূহ	১,২
৪। বেসরকারি এতিমখানা	৮
৫। বয়স্ক ভাতা প্রদান কার্যক্রম	১১
৬। বিধবা, স্বামী পরিত্যক্তা ও দুঃস্থ মহিলা ভাতা প্রদান কার্যক্রম	১২
৭। এসিডদগ্ন মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের পুনর্বাসন তহবিল	১
৮। অস্বচ্ছল প্রতিবন্ধীদের জন্য ভাতা	১৩
৯। প্রতিবন্ধীদের জন্য শিক্ষা উপবৃত্তি	১৪
১০। সাহায্য, মঞ্জুরী-প্রতিবন্ধীদের জন্য শিক্ষা মঞ্জুরী	১৭
১১। থোক বরাদ্দ-সমাপ্ত উন্নয়ন প্রকল্প	২,৪,৫,৬,২০,২১
অনুমোদিত প্রকল্প	
১. এতিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের জন্য ৬ বিভাগে ৬টি কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন (জানুয়ারী, ২০০৬ - জুন, ২০১১)	২

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
২. চালু ২০টি সরকারী শিশু পরিবার সমূহের আধুনিকীকরণ (জুলাই, ২০০৬ - জুন, ২০১০)	৪
৩. ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনে হাসপাতাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট এর বহির্বিভাগ, পরীক্ষা ও পুনর্বাসন কেন্দ্র সম্প্রসারণ (সংশোধিত) (জুলাই, ২০০৬ - জুন, ২০১১)	১৫, ১৬
৪. বিদ্যমান ৫০টি শহর সমাজসেবা কর্মসূচির উন্নয়ন ও জোরদারকরণ (জুলাই, ২০০৭ - ডিসেম্বর, ২০১০)	১,৩
৫. ঢাকা কমিউনিটি হাসপাতাল সম্প্রসারণ ও আধুনিকায়নের মাধ্যমে ইনস্টিটিউট অব কমিউনিটি এন্ড ফ্যামিলি হেলথ শক্তিশালীকরণ (জুলাই, ২০০৮ - জুন, ২০১১)	১৫,১৬
৬. ডায়াবেটিক রোগীদের জন্য পুনর্বাসন ও কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন (আরবিটিসি), জুরাইন, ঢাকা। (জুলাই, ২০০৮ - ডিসেম্বর, ২০১০)	১৫,১৬
৭. সমন্বিত স্বাস্থ্যসেবা প্রকল্প, ফরিদপুর (জুলাই, ২০০৮ - জুন, ২০১১)	১৫, ১৬
৮. প্রটেকশন অব চিলড্রেন এট রিস্ক (পিকার)	৫, ৬, ৭
৯. ইনস্টিটিউট অব অটিস্টিক চিলড্রেন এন্ড ব্লাইন্ড ওল্ড হোম টি.এন. মাদার চাইল্ড হসপিটাল (জুলাই, ২০০৭ - জুন, ২০১১)	১৫,১৬
১০. চাঁদপুর ডায়াবেটিক সমিতি হাসপাতাল স্থাপন	১৫,১৬
১১. সার্ভিসেস ফর চিলড্রেন এট রিস্ক (স্কার) (জানুয়ারী, ২০০৯ - ডিসেম্বর, ২০১৩)	৫, ৬, ৭
১২. আহছানিয়া মিশন ক্যান্সার ও জেনারেল হাসপাতাল	১৫,১৬
১৩. শেখ ফজিলাতুন্নেসা মুজিব মেমোরিয়াল বিশেষায়িত হসপিটাল এন্ড নার্সিং কলেজ (জানুয়ারী, ২০১০ - ডিসেম্বর, ২০১২)	১৫,১৬
১৪. সাপোর্ট সার্ভিসেস প্রোগ্রাম ফর দি সোস্যালি ডিজএ্যাডভান্টেজ ওমেন এন্ড গার্লস (জানুয়ারী, ২০১০ - ডিসেম্বর, ২০১২)	৭
অননুমোদিত প্রকল্প	
১. দুঃস্থ ও ভবঘুরেদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র উন্নয়ন ও সম্প্রসারণ (২য় পর্যায়) (অননুঃ) (জানুয়ারী, ২০০৯- জুন, ২০১৩)	৯
২. দৃষ্টি প্রতিবন্ধী শিশুদের জন্য হোস্টেল নির্মাণ (অননুমোদিত) (জুলাই, ২০০৯ - জুন, ২০১৩)	১৬,১৭
৩. শারীরিক প্রতিবন্ধীদের জন্য শিল্পের উন্নয়ন ও আধুনিকায়ন (২য় পর্যায়) (জুলাই, ২০০৭-জুন, ২০১৩)	১৮,১৯
৪. দুঃস্থ ও এতিম শিশুদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, মোছাঃ ছাবেরা খাতুন ইসলামিয়া শিশু সদন (জানুয়ারী. ২০০৯-জুন, ২০১৩)	২
৫. সমাজসেবা অধিদফতরের উন্নয়ন, সম্প্রসারণ ও আধুনিকায়ন প্রকল্প (জুলাই, ২০০৯-জুন, ২০১২)	২
৬. পাবনা কমিউনিটি জেনারেল ও হার্ট হাসপাতাল (জুলাই, ২০০৮-জুন, ২০১২)	১৫,১৬
৭. ইমপ্রুভড মেডিক্যাল সার্ভিসেস এন্ড রিহেবিলিটেশন ফর দি ডায়াবেটিক, ডায়াবেটিক রিলেটেড এন্ড নন-ডায়াবেটিক পেসেন্টস, লালমনিরহাট (জানুয়ারি, ২০১০-ডিসেম্বর, ২০১২)	১৫,১৬

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
৮. হবিগঞ্জ ডায়াবেটিক হাসপাতাল নির্মাণ (জানুয়ারি, ২০১০-ডিসেম্বর, ২০১২)	১৫,১৬
৯. ৬৩ জেলায় শেখ রাসেল দুঃস্থ শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র স্থাপন (জুলাই, ২০১০ - জুন, ২০১৪)	১৫,১৬
১০. স্টাবলিশমেন্ট অব এ ৫০ বেডেড ফাইলেরিয়া হাসপাতাল	১৫,১৬
১১. স্টাবলিশমেন্ট অব ডিস্ট্রিসড সোস্যাল সার্ভিসেস কমপ্লেক্স এন্ড ডে-কেয়ার সেন্টার (৬৪ ইউনিট)	৫
১২. বাংলাদেশ মহিলা সমিতি কমপ্লেক্স ভবন নির্মাণ	২২
সম্ভাব্য কর্মসূচি	
১. পল্লী মাতৃকেন্দ্রে ও কার্যক্রম উন্নয়ন ও জোরদারকরণ (জুলাই, ২০০৫-জুন, ২০১২)	৪,৫
২. দক্ষজনিত ক্ষতিগ্রস্ত দুঃস্থ ব্যক্তিদের চিকিৎসা ও পুনর্বাসনে আর্থিক সহায়তা কার্যক্রম (জুলাই, ২০১০-জুন, ২০১৩)	১২
৩. শহর সমাজসেবা কার্যক্রম উন্নয়ন ও প্রশিক্ষণ কার্যক্রমের আধুনিকায়ন (জুলাই, ২০১০-জুন, ২০১৩)	২
৪. পল্লী সমাজসেবা কার্যক্রম (আরএসএস) উন্নয়ন ও জোরদারকরণ (জুলাই, ২০১০-জুন, ২০১৩)	১,২
৫. জয়পুরহাট কিশোর উন্নয়ন প্রতিষ্ঠান (জুলাই, ২০১০-জুন, ২০১৩)	১৫,১৬

৫.২ বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ

৫.২.১ সম্প্রতিক অর্জনঃ বিগত তিন বছরে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে ২১ হাজার ১৪ টি সংগঠন ও ৭ হাজার ৯৪৬ জন দুঃস্থ ব্যক্তির মধ্যে ২০ কোটি ৪২ লক্ষ ৬৮ হাজার টাকা অনুদান বিতরণ করা হয়েছে। এছাড়াও স্বেচ্ছাসেবী সংগঠনসমূহের দক্ষতা বৃদ্ধির জন্য ১ হাজার জন সমাজকর্মীকে সংগঠনিক ব্যবস্থাপনা ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৫.২.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. অনুদান বিতরণ	• ২১ হাজার স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান এবং ০৯ হাজার দরিদ্র অসহায় ব্যক্তিকে অনুদান প্রদান	৮
২. স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানসমূহের জন্য ব্যবস্থাপনা প্রশিক্ষণ	• ১,৮০০ জনকে প্রশিক্ষণ প্রদান	৮

৫.২.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১। অনুদান প্রাপ্ত প্রতিষ্ঠান	সংখ্যা	৪,৮২৫	৫,০০০	৫,০০০	৬,০০০	৭,০০০	৮,০০০
২। অনুদান প্রাপ্ত ব্যক্তি	জন	১,৭৭৮	২,০০০	২,০০০	২,৫০০	৩,০০০	৩,৫০০
৩। প্রশিক্ষণ	জন	৪২৮	৪৫০	৪৫০	৫০০	৬০০	৭০০

৫.২.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ ২০১১-১২	প্রক্ষেপণ ২০১২-১৩
অনুন্নয়ন	৮,৬৭,০০	৮,৯৪,০৪	৯,২৬,৪৫	১০,৪৩,৯০	১০,৫৮,৭০
উন্নয়ন	০	০	০	০	০
মোট	৮,৬৭,০০	৮,৯৪,০৪	৯,২৬,৪৫	১০,৪৩,৯০	১০,৫৮,৭০

৫.২.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট (অনুন্নয়ন) ১। জাতীয় সমাজকল্যাণ পরিষদ	১, ২

৫.৩ জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

৫.৩.১ সাম্প্রতিক অর্জনঃ প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে অনুদান ও ঋণ বিতরণ কার্যক্রম চলমান আছে। তাদের সহায়ক উপকরণ প্রদানসহ কর্মজীবী প্রতিবন্ধীদের আবাসন সমস্যা দূরীকরণের লক্ষ্যে ২টি হোস্টেল চালুর ব্যবস্থা নেয়া হয়েছে। বিনামূল্যে প্রতিবন্ধীদের ফিজিওথেরাপি, অকুপেশনাল থেরাপি, স্পিস থেরাপি ও সহায়ক উপকরণ প্রদানের জন্য পরীক্ষামূলকভাবে পাঁচ জেলায় প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র স্থাপন করা হয়েছে। প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র এর ঢাকা সেন্টার গত ১০/০৪/২০১০ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী শ্রী উদ্বোধন করেন। প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের কার্যক্রম সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জেলা প্রশাসকদের মাধ্যমে সমগ্র বাংলাদেশে হতদরিদ্র প্রতিবন্ধীদের মাঝে ছইল চেয়ার ও সেলাই মেশিন বিতরণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বুদ্ধি প্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম বেগবান করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হয়েছে।

৫.৩.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. ক্ষুদ্রঋণ প্রদান	● ৩২,০০০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে অনুদান ও ঋণ প্রদান	১
২. অটিজম রিসোর্স সেন্টার চালুকরণ	● ২০০০ জন অটিস্ট শিশুকে সেবা প্রদান	৫
৩. প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে বিনামূল্যে সহায়ক ও আয়বর্ধক উপকরণ বিতরণ	● ১২৮০ জন প্রতিবন্ধী ব্যক্তির মাঝে সেলাই মেশিন ও ছইল চেয়ার বিতরণ ● ১৬,০০০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে উপকরণ সহায়তা প্রদান	৫
৪. কর্মজীবী প্রতিবন্ধীদের জন্য হোস্টেল এবং প্রতিবন্ধী শিশুদের জন্য ডে-কেয়ার সেন্টার সুবিধা প্রদান	● ৪০ জন কর্মজীবী মায়ের প্রতিবন্ধী শিশুদের ডে-কেয়ার সুবিধা প্রদান ● ১৬০ জন প্রতিবন্ধীকে হোস্টেল সুবিধা প্রদান	৫

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
৫. বিনামূল্যে প্রতিবন্ধীদের চিকিৎসা সুবিধা প্রদান	● ২৫,০০০ প্রতিবন্ধীকে চিকিৎসা সুবিধা ও সহায়ক উপকরণ প্রদান	
৬. বুদ্ধি প্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম ও অন্যান্য প্রতিবন্ধীদের শিক্ষাদান	● ৮০০০ জনকে শিক্ষা কার্যক্রমের আওতায় আনয়ন	৬
৭. প্রতিবন্ধী ব্যক্তিদের বিশেষ শিক্ষা, প্রশিক্ষণ ও পুনর্বাসন	● ২৫০ জন প্রতিবন্ধীকে বিশেষ শিক্ষা প্রদান	৬

৫.৩.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. অনুদান ও ঋণ	জন	--	--	--	২,০০০	১০,০০০	২০,০০০
২. শিক্ষা ও প্রশিক্ষণ	জন	--	--	--	১,০০০	২,০০০	৫,০০০
৩. সহায়ক উপকরণ প্রদান	জন	--	--	--	৪,০০০	৫,০০০	৭,০০০
৪. কর্মজীবী প্রতিবন্ধীদের জন্য হোস্টেলের ব্যবস্থা করা	জন	--	--	--	৪০	৬০	৬০
৫. প্রতিবন্ধীদের এককেন্দ্রিক সেবা প্রদান	জন	--	--	--	৮,০০০	১৬,০০০	২৫,০০০

৫.৩.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ ২০১১-১২	প্রক্ষেপণ ২০১২-১৩
অনুন্নয়ন	০	০	১০,৭৩,৩১	১৩,৩৭,৫৩	১৪,৬২,৫৩
উন্নয়ন	৬,০০,০০	৪,০০,০০	২৮,৫১,০০	৩০,০০,০০	৩০,০০,০০
মোট	৬,০০,০০	৪,০০,০০	৩৯,২৪,৩১	৪৩,৩৭,৫৩	৪৪,৬২,৫৩

৫.৩.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট (অনুন্নয়ন)	
১। জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র	৭
২। সুইড বাংলাদেশ	৬
৩। বাংলাদেশ প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন	৬
৪। প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র	৩,৫
অনুমোদিত প্রকল্প	
১। প্রমোশন অব সার্ভিসেস এন্ড অপারচুনিটি টু দ্যা ডিসএবল্ড পার্সন ইন বাংলাদেশ	১,৩,৫,৭